

স্মারক নং- ইআবি/জনসংযোগ তওপ/সংবাদ বিজ্ঞপ্তি/২০১৯/০০১১৩

তারিখ: ২২ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ

বরাবর

সম্পাদক

সকল দৈনিক পত্রিকা ও ইলেকট্রনিক মিডিয়া

দৃষ্টি আকর্ষণ : বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টার/ শিক্ষা রিপোর্টার।

বিষয়: সংবাদ বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকা / ইলেকট্রনিক মিডিয়া/ অনলাইন মিডিয়া সহ সকল প্রচার মাধ্যমে প্রকাশ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

### সংবাদ বিজ্ঞপ্তি

## মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রতিষ্ঠিত

## ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসের ভূমি বুঝে পেল

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক প্রতিষ্ঠিত ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস নির্মাণের জন্য মোট ১৭.০৮৯৪ একর ভূমি বুঝে পেয়েছে প্রতিষ্ঠানটি। আজ সকাল ১০.৪৫টায় "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় স্থাপন শীর্ষক" প্রকল্পের আওতায় ঢাকা জেলার কেরানীগঞ্জ থানাধীন ঘাটারচর ও মধ্যেরচর মৌজার মোট ১৭.০৮৯৪ একর ভূমি, বিশ্ববিদ্যালয় এর মাননীয় উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহ ও ঢাকা জেলা প্রশাসক মোঃ শহীদুল ইসলাম এর নেতৃত্বে ভূমি অধিগ্রহণের চেক বিতরণ ও জমি হস্তান্তর অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এসময় ভূমি মালিকদের চেক প্রদানের মধ্য দিয়ে মোট ১৭.০৮৯৪ একর জমি বুঝে নেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার আন্তরিক প্রচেষ্টা ও নেতৃত্বে জাতীয় সংসদে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন ২০১৩ পাশ এবং মহামান্য রাষ্ট্রপতির সম্মতি লাভের মধ্য দিয়ে প্রতিষ্ঠিত হয় বহুল প্রতিক্ষিত ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়। প্রতিষ্ঠা ও দায়িত্ব লাভের পর থেকে মাননীয় উপাচার্যের সুদক্ষ নেতৃত্বে মাদরাসা শিক্ষা ব্যবস্থার উন্নয়ন, আধুনিকীকরণ, ফাজিল (স্নাতক) ও কামিল (স্নাতকোত্তর) পর্যায়ের পাঠক্রম প্রণয়ন ও পাঠ্যসূচীর আধুনিকীকরণ ও উন্নতিসাধন, শিক্ষার গুণগতমান উন্নয়ন এবং শিক্ষকদের প্রশিক্ষণ ও যোগ্যতা বৃদ্ধি সংক্রান্ত যাবতীয় বিষয় পরিচালনা করছে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।

অনুষ্ঠানে মাননীয় উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহ বলেন, চেক বিতরণ ও জমি হস্তান্তর অনুষ্ঠানের মধ্য দিয়ে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা কর্তৃক প্রতিষ্ঠিত মাদ্রাসার উচ্চ শিক্ষা নিয়ন্ত্রনকারী প্রতিষ্ঠান ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় এর স্থায়ী ক্যাম্পাস নির্মাণ ও বাস্তবায়নে দেশের আলেম ওলামা পীর মাশায়েখ ও ১৫০০ শত ফাজিল -কামিল, অনার্স-মাস্টার্স মাদ্রাসার শিক্ষক ও শিক্ষার্থীদের বহুল প্রত্যাশিত স্বপ্ন পূরণ হতে যাচ্ছে।


ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের উপ উপাচার্য প্রফেসর ড. আবুল কালাম আজাদ বলেন, স্থায়ী ক্যাম্পাসের জমি বুঝে পাওয়ার মাধ্যমে মাদরাসা শিক্ষায় নব দিগন্তের সূচনা হল।

ঢাকা জেলা প্রশাসক জনাব মোঃ শহীদুল ইসলাম বলেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়কে জমি বুঝিয়ে দিতে পেয়ে আমরা আনন্দিত। ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসের মাধ্যমে মাদরাসা শিক্ষায় নিশ্চয় আরো অধিক গতি সঞ্চার হবে বলেও আশা ব্যক্ত করেন তিনি।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রকল্প পরিচালক জনাব রফিক আহমদ সিদ্দিক, রেজিস্ট্রার রেজাউল হক, উপ-রেজিস্ট্রার ড. মোঃ আবু হানীফা, উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ড. মোঃ রফিক আল মামুন, শিক্ষা প্রকৌশলী অধিদপ্তর টিম, কেরানীগঞ্জ উপজেলা চেয়ারম্যান জনাব শাহীন আহমেদ, অতিরিক্ত জেলা প্রশাসক (এল,এ).ঢাকা, অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক, কানুনগো সার্ভেয়ার এবং ঢাকা জেলা প্রশাসনের টিম ও স্থানীয় জনপ্রতিনিধিসহ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক ড. জাভেদ আহমাদ, সহকারী রেজিস্ট্রার জনাব মোঃ জাকির হোসেন ও জনাব ফাহাদ আহমদ মোমতাজী, সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোঃ জিয়াউর রহমান'সহ শিক্ষক কর্মকর্তা কর্মচারীগণ।

উল্লেখ্য " ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় স্থাপন শীর্ষক" প্রকল্পের আয়তন মোট ১৭.০৮৯৪ একর জমি, যার মধ্যে ৩.০০ একর জমি সৌদি সরকারের অনুদানে "আরবি ভাষা ইনস্টিটিউট" এর জন্য বরাদ্দ রাখা হয়েছে। শিক্ষা প্রকৌশলী অধিদপ্তর "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় স্থাপন শীর্ষক" প্রকল্পের পূর্ত কাজ বাস্তবায়নে দায়িত্ব পালন করবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

  
২২/০৬/২০২২  
(মো. রেজাউল হক)

রেজিস্ট্রার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়